

শিক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের মনে মূল্যবোধ সঞ্চার করতে হবে

আইইউবি-এর ভিত্তিপ্রস্তর স্থাপনকালে রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি অধ্যাপক এ কিউ এম বদরুজ্জোজা চৌধুরী বলেছেন, শিক্ষার মাধ্যমে অবশ্যই শিক্ষার্থীদের মনে নৈতিক মূল্যবোধ সঞ্চার করতে হবে। তিনি বলেন, শিক্ষাকে এমন হতে হবে যার মাধ্যমে শিক্ষার্থীরা সামাজিক প্রগতিককে ধারণ করতে পারবে, দুর্নীতিকে ঘৃণা করতে এবং সত্যনিষ্ঠ হতে শিখবে। শিক্ষা শিক্ষার্থীর মধ্যে বিচারবোধ জাগ্রত করবে, শ্রমের প্রতি মর্যাদাশীল ও সর্বোপরি তাকে দেশপ্রেমিক করে তুলবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়গুলোর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে বলে রাষ্ট্রপতি মন্তব্য করেন। রাষ্ট্রপতি গত বৃহস্পতিবার বসুন্ধরায় ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি)-এর ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে বক্তৃতায় এসব কথা বলেন। বাসস।

রাষ্ট্রপতি বলেন, বিশ্ববিদ্যালয়গুলোকে অবশ্যই যোগ্য মানুষ হিসেবে গড়ে তুলতে হবে, যাতে তারা আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষম হয়। তিনি বলেন, দারিদ্র্য বিমোচন ও জীবনমানের উন্নয়নের জন্য আমাদের বর্ধিতহারে উন্নত প্রযুক্তির সহায়তা প্রয়োজন। রাষ্ট্রপতি বলেন, গোটা বিশ্ব ক্রম অগ্রসরমান জটিল জ্ঞান বিজ্ঞান ও প্রযুক্তির ওপর ক্রমাগতভাবে নির্ভরশীল হয়ে পড়ছে। বিশ্বায়নের এ চ্যালেঞ্জ মোকাবিলায় এবং বাদবাকি বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলার যোগ্য হয়ে ওঠার জন্য আমাদের সব সময় সচেতন থাকতে হবে। তিনি বলেন, গোটা পৃথিবী দ্রুত এগিয়ে যাচ্ছে। তাদের সঙ্গে তাল মেলাতে হলে আমাদের পুরোনো ধ্যান-ধারণা বাদ দিয়ে নতুন চিন্তাকে ধারণ করতে হবে।

রাষ্ট্রপতি বলেন, বিশ্ববিদ্যালয় হচ্ছে এমন এক স্থান যেখানে প্রাজ্ঞ শিক্ষকরা দেশের ভবিষ্যৎ নাগরিকদের লালন করেন। তাদের যথাযথ জ্ঞানদানের মাধ্যমে যোগ্য করে গড়ে তোলেন।

দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা অপেক্ষাকৃত নতুন বিষয় বলে উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, এসব বিশ্ববিদ্যালয় যাতে শিক্ষাক্ষেত্রে উৎকর্ষ অর্জন করতে পারে সেজন্য সর্বাধিক সহায়তা করা সকলের নৈতিক দায়িত্ব।

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক, আইইউবির উপাচার্য অধ্যাপক বজলুল এম চৌধুরী, শিক্ষা, বিজ্ঞান, প্রযুক্তি ও সংস্কৃতি উন্নয়ন ট্রাস্টের চেয়ারম্যান এ কে এম রফিকুল ইসলামও অনুষ্ঠানে বক্তব্য রাখেন।